02 SEP 2016

তারিখ ... 02 AUG 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9 ...

দৈনিক জনকণ্ঠ

# নতুন প্রজন্ম হবে আধুনিক বাংলাদেশের নির্মাতা ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রচলিত শিক্ষা দিয়ে আধুনিক বাংলাদেশ গড়া সম্ভব নয়। নতুন প্রজন্মের ছাত্রসমাজকে হতে হবে আধুনিক বাংলাদেশের নির্মাতা। এ লক্ষ্যে তাদের প্রযুক্তিগত বিদ্যা অর্জনে এগিয়ে আসতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলোকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। বিশ্ববিদ্যালয় হতে হবে জ্ঞানচর্চা, জ্ঞানসৃষ্টি ও গবেষণার স্থান। বিশ্ববিদ্যালয়ের জ্ঞানচর্চাই হবে আমাদের শক্তি, যা দেশকে, জাতিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

শিক্ষামন্ত্রী বৃহস্পতিবার দুপুরে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী তথা বিশ্ববিদ্যালয় দিবস ২০১৬ উপলক্ষে কুয়েট অডিটরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ